অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 6/22/2022 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল গাঁজায় সমতা অগ্রসর করার ব্যাপারে বড় অগ্রগতি ঘোষণা করলেন

গাঁজা শিল্পে সামাজিক সমতা সমর্থন করতে 200 মিলিয়ন মার্কিন ডলার তহবিল ব্যবস্থাপনা করার জন্য সংখ্যালঘু নেতৃত্বাধীন বিনিয়োগ দলকে নির্বাচন

এনটিটির নেতৃত্ব দিচ্ছে NBA হল অফ ফেমার ক্রিস ওয়েবার, বিখ্যাত উদ্যোক্তা লাভেট্রা উইলিস, আর্থিক নেতা সুজানা শ্যাঙ্ক, এবং সাবেক সিটি কম্পট্রোলার উইলিয়াম টম্পসন

এছাড়াও গভর্নর নিউ ইয়র্কের গাঁজা উপদেষ্টা বোর্ডের নিয়োগসমূহ ঘোষণা করলেন যেটি সম্প্রদায়ের অনুদান বিতরণ করবে, নিউ ইয়র্কের গাঁজা বাজারের বিকাশ সমর্থন করবে

গভর্নর ক্যাথি হোকল আজকে নিউ ইয়র্কের ক্রমবর্ধমান গাঁজা শিল্পের সমতা অগ্রসর করতে পরবর্তী ধাপসমূহ ঘোষণা করলেন। আজকের ঘোষণার মধ্যে রয়েছে 200 মিলিয়ন মার্কিন ডলারের নিউ ইয়র্ক সামাজিক সমতা গাঁজা বিনিয়োগ তহবিল (New York Social Equity Cannabis Investment Fund) স্পন্সর ও ব্যবস্থাপনা করার জন্য একটি প্রিমিয়ার সংখ্যালঘু নেতৃত্বাধীন বিনিয়োগ দল, সোশ্যাল ইক্যুইটি ইমপ্যাক্ট ভেঞ্চার্স, এলএলসিকে (Social Equity Impact Ventures, LLC) বাছাই করা। ইমপ্যাক্ট ভেঞ্চার্স হলো জাতীয় বাস্কেটবল অ্যাসোসিয়েশন (National Basketball Association, NBA) হল অফ ফেমার এবং উদ্যোক্তা, বর্তমানে গাঁজা সংক্রান্ত উদ্যোগসমূহের একটি তহবিলের সক্রিয় অংশীদার, ক্রিস ওয়েবারের নেতৃত্বাধীন একটি এনটিটি এবং বিস্তৃত ব্র্যান্ড তৈরির অভিজ্ঞতাসহ গাঁজা সম্পর্কিত উদ্যোগের আরেকজন অংশীদার, উদ্যোক্তা লাভেট্রা উইলিস; এবং দেশের শীর্ষ সংখ্যালঘু এবং নারী মালিকানাধীন বিনিয়োগ ব্যাংকিং ফার্মগুলির একটি, সিবার্ট উইলিয়ামস শ্যাঙ্কের (Siebert Williams Shank, SWS) সাথে সংশ্লিষ্ট একটি ফার্মের মধ্যকার একটি যৌথ উদ্যোগ; যার নেতৃত্ব দিবেন SWS-র প্রধান নির্ভয় কর্মকর্তা সুজানা শ্যাঙ্ক এবং SWS-র প্রধান প্রশাসনিক কর্মকর্তা, সাবেক নিউ ইয়র্ক সিটির কম্পট্রোলার, উইলিয়াম টম্পসন।

"আজকে নিউ ইয়র্ক তাদের জন্য কর্মসংস্থান ও সুযোগ সৃষ্টি করার জন্য একটি গুরুত্বপূর্ণ অগ্রগামী ধাপ গ্রহণ করলো, যারা ঐতিহাসিকভাবে অসামঞ্জস্যপূর্ণভাবে গাঁজা লঙ্ঘনের জন্য দায়ী হয়েছে," **গভর্নর হোকল বলেন।** "যেহেতু আমরা নিউ ইয়র্কে একটি নতুন শিল্প তৈরি

করছি, তাই আমি আমাদের ভবিষ্যৎ উদ্যোক্তাদের অর্থনৈতিক চাহিদা মেটাতে সত্যিকারের অগ্রগতি দেখতে পেরে গর্বিত।"

গভর্নর হোকল এছাড়াও নিউ ইয়র্কের গাঁজা উপদেষ্টা বোর্ডের (Cannabis Advisory Board) নতুন সদস্যদের নিয়োগের ঘোষণা করলেন যারা নিউ ইয়র্কে একটি ন্যায্য এবং অন্তর্ভুক্তিকর বৈধ গাঁজা শিল্প স্থাপন করতে গাঁজা ব্যবস্থাপনা অফিসের (Office of Cannabis Management) সাথে একত্রে দায়িত্ব পালন করবে।

"নিউ ইয়র্ক স্টেটে দীর্ঘদিন ধরে গাঁজা ব্যবহারের ক্ষেত্রে অন্যায্য আইনের শিকার হওয়া সংখ্যালঘুদের জন্য কর্মসংস্থান ও সুযোগ সৃষ্টি করবে তা নিশ্চিত করে এমন একটি সামাজিকভাবে দায়িত্বশীল গাঁজা শিল্প তৈরি করা আমাদের উপর আরোপিত দায়িত্ব," লেফটেনেন্ট **গভর্নর অ্যান্টনিও ডেলগাডো বলেন।** "আজকের ঘোষণাটি এটি নিশ্চিত করতে সাহায্য করবে যে নিউ ইয়র্ক ন্যায্য আইন প্রয়োগের ব্যবস্থাসহ একটি ন্যায্য ও অন্তর্ভুক্তিকর গাঁজা শিল্প তৈরি করবে যা অশ্বেতাঙ্গদের সমান সুযোগ প্রদান করে।"

স্টেট সিনেটের সংখ্যাগরিষ্ঠ নেতা অ্যান্ড্রিয়া স্টুয়ার্ট-কাজিন্স বলেন, "আমি গর্ব এবং আত্মবিশ্বাসের সাথে এবরো ডার্ডেন, অ্যালেক্স আলভারেজ, এবং নিকি কেটম্যানকে গাঁজা উপদেষ্টা বোর্ডে নিয়োগ দিয়েছি। আমি তাদেরকে ধন্যবাদ জানাচ্ছি ঐতিহাসিক এই সুযোগের একটি অংশ হতে অগ্রসর হওয়ার জন্য এবং এই পদের দায়িত্ব গ্রহণ করার জন্য। তাদের বৈচিত্র্যময় পরিপ্রেক্ষিত এবং অভিজ্ঞতা নিউ ইয়র্ক স্টেটকে একটি ন্যায্য ও সমান প্রাপ্তবয়স্কদের ব্যবহারের গাঁজার বাজার হয়ে উঠা নিশ্চিত করতে সাহায্য করবে। আমি তাদের কাজ দেখার জন্য উন্মুখ।"

অ্যাসেম্বলি স্পিকার কার্ল হিস্টি বলেন, "যখন আমরা গাঁজা প্রবিধান ও কর অ্যাক্ট (Marijuana Regulation and Taxation Act, MRTA) পাশ করাই এবং প্রাপ্তবয়স্কদের জন্য গাঁজা ব্যবহার বৈধ করি, তখন আমাদের জন্য এটি এমন উপায়ে করা অতি গুরুত্বপূর্ণ ছিলো যাতে আমরা ঐতিহাসিকভাবে স্টেট ও ফেডারেল মাদক আইন দ্বারা বিপর্যস্ত হওয়া সম্প্রদায়সমূহকে অগ্রাহ্য না করি। গাঁজা উপদেষ্টা বোর্ড সামনের দিনে সেটিকে বাস্তবে পরিণত করার একটি মুখ্য অংশ। আমি দ্যআর্থার এ. ডানক্যান দ্য সেকেন্ড, চন্দ্রা রেডফার্ন, এবং আর্মান্ডো রোসাডোকে বোর্ডে নিয়োগ দিতে পেরে গর্বিত, এবং আমাদের সম্প্রদায়সমূহে পুনর্বিনিয়োগ করবে এমন একটি অনুদান প্রক্রিয়া এবং নি ইয়র্কবাসীদের জীবন উন্নত করবে এমন কর্মসূচিসমূহ গঠন করতে তাদের অভিজ্ঞতা কাজে লাগাতে দেখার জন্য উন্মুখ।"

অ্যাসেম্বলি সংখ্যাগরিষ্ঠ নেতা ক্রিস্টাল পিপলস-স্টোকস বলেন, "দীর্ঘদিন ধরে, অশ্বেতাঙ্গ সম্প্রদায়সমূহ বৈষম্যমূলক অপরাধ বিচার পলিসির শিকার হয়েছে এবং ক্ষুদ্র পরিমাণ গাঁজা রাখার জন্য মারাত্মক পরিণতির শিকার হয়েছে, যখন অন্যদের গ্রেফতার বা অভিযুক্ত করা হয়নি।আমার সহকর্মীরা এবং আমি এই বিধিমালাটি লেখার সময় অত্যন্ত সতর্ক ছিলাম যাতে সবথেকে ক্ষতিগ্রস্তদের কাছে এই নতুন শিল্পে অংশগ্রহণ করার একটি সুযোগ থাকে। ক্ষতিগ্রস্তদের এই স্বপ্নকে বাস্তবে পরিণত করার পথে একটি বাঁধা হলো মূলধনের অভাব।

আমি খুবই আনন্দিত যে ওয়েবার এবং সিবার্টের মতো পেশাদাররা স্টেটকে এই স্বপ্নগুলিকে বাস্তবে পরিণত করার কাজে সাহায্য করছে।"

নিউ ইয়র্ক স্টেটের ডর্মিটরি কর্তৃপক্ষের (Dormitory Authority for the State of New York, DASNY) প্রেসিডেন্ট রুবেন ম্যাকড্যানিয়েল দ্য থার্ড বলেন, "নিউ ইয়র্ক মূলধন ও বাজার পাওয়ার মূল প্রতিবন্ধকতা অপসারণে এক কাজ করছে, যা সংখ্যালঘু, নারী এবং সামাজিক ন্যায়বিচারের সাথে জড়িত উদ্যোক্তাদের দেশের অন্য সকল স্টেটে বাধাগ্রস্ত করেছে। আমি এই কর্মসূচিতে DASNY-র ভূমিকা নিয়ে গর্বিত যা প্রজন্মান্তর সম্পদ গঠনে সাহায্য করবে যা আমাদের অনেক বেশি নাগরিকের হাতের নাগালের বাইরেই ছিলো, এবং যা সামাজিক সমতা সৃষ্টি করতে সফল হতে সাহায্য করবে যেখানে অন্য অনেক স্টেটের কর্মসূচি ব্যর্থ হয়েছে।"

সামাজিক সমতা গাঁজা বিনিয়োগ তহবিল

গভর্নর হোকল এবং আইনসভা দ্বারা 2022-2023 বাজেটের একটি অংশ হিসেবে অনুমোদিত সামাজিক সমতা গাঁজা বিনিয়োগ তহবিলটি একটি সরকারি-বেসরকারি লিমিটেড অংশীদারিত্ব যা সামাজিক সমতা উদ্যোক্তাদের নিউ ইয়র্কের নতুনভাবে সৃষ্ট প্রাপ্ত বয়স্কদের ব্যবহারের জন্য গাঁজা শিল্পে সফল হওয়ার অবস্থানে স্থাপন করার জন্য গঠিত হয়েছে। এটি স্টেটকে একটি বেসরকারি তহবিলে বিনিয়োগ করতে দিবে যাতে করে নিউ ইয়র্ক স্টেটের 150টি পর্যন্ত শর্তসাপেক্ষে প্রাপ্তবয়স্কদের ব্যবহারের খুচরা ডিসপেনসারির লিজ ও সরঞ্জামের অর্থায়ন করবে এবং যা গাঁজা আইনের অন্যায্য প্রয়োগ দ্বারা প্রভাবিত ব্যক্তিদের দ্বারা পরিচালিত হবে। এটি দেশে এধরনের প্রথম তহবিল।

তহবিলটি একটি শর্তসাপেক্ষে প্রাপ্তবয়স্কদের ব্যবহারের জন্য খুচরা ডিসপেনসারি (Conditional Adult Use Retail Dispensary License, CAURD) লাইসেন্সসহ ব্যক্তিদের একটি প্রাপ্তবয়স্কদের ব্যবহারের জন্য খুচরা গাঁজা ডিসপেনসারি স্থাপনের খরচ জোগাড় করতে সাহায্য করবে, যার মধ্যে থাকবে পরিচয়পত্র এবং উপযুক্ত খুচরা বিক্রয়ের অবস্থান লিজ এবং নকশা, নির্মাণ, ও স্থানকে বিক্রির জন্য উপযুক্ত করা। এটি সমর্থিত হবে প্রাপ্তবয়স্কদের ব্যবহারের জন্য গাঁজা শিল্প থেকে প্রাপ্ত 50 মিলিয়ন মার্কিন ডলার পর্যন্ত লাইসেন্সিং ফি এবং রাজস্ব দ্বারা এবং তহবিল ব্যবস্থাপক দ্বারা বেসরকারি খাত থেকে সংগৃহীত 150 মিলিয়ন মার্কিন ডলার পর্যন্ত অর্থ দ্বারা।

2022 সালের মে মাসে, নিউ ইয়র্ক স্টেটের ডর্মিটরি কর্তৃপক্ষ 200 মিলিয়ন মার্কিন ডলার তহবিল স্পন্সর ও ব্যবস্থাপনা রকার জন্য একজন তহবিল ব্যবস্থাপকের সন্ধানে একটি প্রস্তাবনার অনুরোধ ইস্যু করে।

NBA অল-স্টার (NBA All-Star) এবং ওয়েবার ওয়েলনেসের (Webber Wellness) প্রতিষ্ঠাতা ক্রিস ওয়েবার বলেন, "আমি নিউ ইয়র্কের সম্মানিত কর্মকর্তাদের সাথে মিলে অন্যায্যভাবে সেকেলে গাঁজা পলিসির শিকার হওয়া ব্যক্তিদের জন্য ভুল সংশোধনে কাজ করতে পেরে অত্যন্ত সম্মানিত বোধ করছি। গাঁজার ক্ষেত্রে সমতা স্থাপনে এবং মাদকের বিরুদ্ধে যুদ্ধ (War on Drugs) দ্বারা ক্ষতিগ্রস্তদের জন্য সুযোগ তৈরি করতে নিউ ইয়র্কের চিন্তাপূর্ণ এবং অন্তর্ভুক্তিকর পন্থা সত্যিই অপ্রতিদ্বন্দ্বী। একত্রে, আমরা দেশব্যাপী সম্প্রদায়সমূহের মধ্যে

নিরাময় প্রক্রিয়া শুরু করতে আগ্রহ এবং এর সূচনা হবে স্টেটের উচ্চাকাঙ্ক্ষী উদ্যোক্তাদের গাঁজা খাতে সমৃদ্ধি কার জন্য শিক্ষা, সংস্থান এবং প্রশিক্ষণ প্রদান করে। আমাদের আশা এই যে নিউ ইয়র্কের সার্বিক পন্থা অন্যান্য বাজারে নকল করা যাবে এবং এটি পুরো দেশে অবহেলিত ব্যবসাসমূহকে ত্বরান্বিত করতে সাহায্য করবে।"

সাইবার উইলিয়ামস শ্যাঙ্ক অ্যান্ড কো-র প্রধান নির্বাহী কর্মকর্তা সুজানা শ্যাঙ্ক বলেন, "যখন নিয়ন্ত্রিত, প্রাপ্তবয়স্কদের ব্যবহারের জন্য গাঁজা ব্যবসার খাতটি বিকশিত হচ্ছে, তখন সঠিক পন্থায় এই বহু বিলিয়ন মার্কিন ডলার শিল্পে সমান অংশগ্রহণের প্রতিবন্ধকতা অপসারণ করা অন্তর্ভুক্ত থাকা উচিত। গাঁজা সামাজিক সমতা বিনিয়োগ তহবিলটি স্থাপন করা হয়েছে নিউ ইয়র্ক স্টেটের লাইসেন্স করা এবং স্টেটজুড়ে গাঁজা খুচরা বিক্রয় ও ডিসপেনসারি স্থাপন করার সময় এই খাতে সমতা নিয়ে আসতে সাহায্য করার জন্য একটি মুখ্য হাতিয়ার। নিয়ন্ত্রক নকশাটি সুবিধাবঞ্চিত উদ্যোক্তাদের ন্যায্যভাবে প্রতিযোগিতা করতে দিবে।"

যারা গাঁজা সম্পর্কিত অপরাধে ন্যায়বিচার ব্যবস্থার সাথে জড়িত আছে সেই ব্যক্তিদের জন্য ব্যবসায়িক সুযোগ সৃষ্টি করতে সিডিং সুযোগ উদ্যোগের (Seeding Opportunity Initiative) একটি মুখ্য উপাদান এই তহবিল। কর্মসূচিটি সেই সব প্রতিবন্ধকতা নিয়ে কাজ করে যা অন্যান্য স্টেটে এমন ব্যক্তিদের অগ্রগতি উল্লেখযোগ্যভাবে ব্যাহত করেছে, বিশেষ করে শর্তসাপেক্ষে প্রাপ্তবয়স্কদের ব্যবহারের জন্য খুচরা গাঁজা ডিস্পেন্সারির অবস্থানের জন্য উপযুক্ত রিয়েল এস্টেটের উৎস, লিজ, নির্মাণ এবং সরঞ্জামের জন্য প্রয়োজনীয় মূলধন জোগাড় করা।

প্রাপ্তবয়স্কদের ব্যবহারের জন্য খুচরা গাঁজা ডিসপেনসারি ফ্যাসিলিটির বিদ্যমান স্থানকে সংস্কার করতে নকশা ও নির্মাণ সেবার জন্য দ্বিতীয় অর্থদানের ঘোষণা জুলাই মাসে করা হবে বলে প্রত্যাশা করা যাচ্ছে যাচ্ছে।

নিউ ইয়র্ক গাঁজা উপদেষ্টা বোর্ড

গাঁজা প্রবিধান ও কর অ্যাক্ট, 2021 সালে প্রণীত নিউ ইয়র্কের গাঁজা আইনের (Cannabis Law) রূপরেখা অনুযায়ী, গাঁজা উপদেষ্টা বোর্ড সামাজিক এবং অর্থনৈতিক তৈরিতে সহায়তা করবে এবং আরো বিস্তৃত কর্মসূচির জন্য প্রবিধান তৈরিতে গাঁজা নিয়ন্ত্রণ বোর্ডকে (Cannabis Control Board) সমর্থন করবে। তবে, বোর্ডের প্রাথমিক উদ্দেশ্য হলো নিউ ইয়র্ক স্টেটের কমিউনিটি অনুদান পুনর্বিনিয়োগ তহবিল (New York State Community Grants Reinvestment Fund) বিতরণ করা, এটি একটি পৃথক তহবিল যা গাঁজা নিষেধাজ্ঞা দ্বারা অসামঞ্জস্যপূর্ণভাবে ক্ষতিগ্রস্ত সম্প্রদায়সমূহকে সমর্থন করবে। স্থানীয়কেন্দ্রিক এই কর্মসূচিতে চাকরির প্রশিক্ষণ এবং চাকরিদান, বিচারে জড়িত নিউ ইয়র্কবাসীদের সেবায় পুনরায় প্রবেশ করতে দেওয়া, সিস্টেম ন্যাভিগেশন সেবা, তরুণদের সেবাদানের কর্মসূচি, আর্থিক শিখার সেবা এবং আরো অনেক কিছু অন্তর্ভুক্ত থাকবে। এছাড়াও তহবিলটি চলমান ভিত্তিতে স্টেটের সমতা লক্ষ্য সমর্থন করতেও ব্যবহৃত হতে থাকবে।

গাঁজা নিয়ন্ত্রণ বোর্ডের চেয়ারম্যান ট্রেমাইন রাইট বলেন, "আমি নিউ ইয়র্ক স্টেটের গাঁজা উপদেষ্টা বোর্ডের নতুন সদস্যদের স্বাগত জানাতে পেরে আনন্দিত। গাঁজা নিয়ন্ত্রণ বোর্ডের প্রধান

হিসেবে,আমি নিউ ইয়র্কের জন্য দেশের সর্বাধিক বৈচিত্র্যময় এবং ন্যায্য গাঁজা শিল্প নিশ্চিত করতে এই নিউ ইয়র্কবাসীদের সাথে হাতে হাত মিলিয়ে কাজ করতে উন্মুখ। গাঁজা উপদেষ্টা বোর্ডের এই সদস্যদের অনন্য ও মূল্যবান কাজ ও জীবনের অভিজ্ঞতা রয়েছে যা নিশ্চিত করবে যে কিভাবে নিউ ইয়র্কের গাঁজা বাজার নিয়ন্ত্রিত হবে এবং কীভাবে কর রাজস্ব সম্প্রদায়ের অলাভজনক প্রতিষ্ঠানের মধ্যে ভাগ করা হবে সে ব্যাপারে সকল নিউ ইয়র্কবাসীর মত থাকে।"

গাঁজা ব্যবস্থাপনা অফিসের নির্বাহী পরিচালক ক্রিস আলেকজান্ডার বলেন, "বৈধকরণ অগ্রসর করার কেন্দ্রে ছিলো একটি স্পষ্ট নীতি যে প্রাপ্ত বয়স্কদের কাছে বিক্রি থেকে প্রাপ্ত রাজস্ব দিয়ে স্টেট কী করবে। তহবিলটি সৃষ্টি করা আমার মতে স্টেটের গাঁজা আইনের সবথেকে গুরুত্বপূর্ণ অংশগুলির একটি এবং আমি আমাদের মিশন সমর্থনে এই দলটিকে দেখে অত্যন্ত খুশি। এছাড়াও আমি এটি দেখে খুশি যে বোর্ডের নতুন সদস্যরা নিউ ইয়র্কের ভৌগলিক ও সাংস্কৃতিক বৈচিত্র্যের প্রতিনিধিত্ব করে এবং আমি সকল নিউ ইয়র্কবাসী যাতে গাঁজা বৈধকরণের সুবিধা পেতে পারে তা নিশ্চিত করতে তাদের সাথে কাজ করতে উন্মুখ।"

গাঁজা উপদেষ্টা বোর্ডে নতুন সদস্যদের পাশাপাশি বিভিন্ন স্টেট এজেন্সি থেকে ভোট দিতে পারবে না এমন প্রতিনিধি থাকবে। সেই তালিকায় অন্তর্ভুক্ত আছে এনভায়রনমেন্টাল কনজার্ভেশন, কৃষি ও বাজার, শিশু ও পরিবার পরিষেবা, শ্রম, স্বাস্থ্য, হাউজিং এবং কমিউনিটি রিনিউয়াল, আসক্তি সেবা ও সমর্থন, এবং শিক্ষা ডিপার্টমেন্টের প্রতিনিধি।

গাঁজা আইনের অধীনে, গাঁজা পণ্যের উপর আরোপিত কর এবং লাইসেন্সিং ফি থেকে সংগৃহীত তহবিল নিউ ইয়র্কজুড়ে বিভিন্ন সম্প্রদায়ে ফেরত দিতে হবে।

- সেই তহবিলের 40 শতাংশ যাবে নিউ ইয়র্ক স্টেটের কমিউনিটি অনুদান পুনর্বিনিয়োগ তহবিলে, যা গাঁজা উপদেষ্টা বোর্ড বিতরণ করবে।
- 40 শতাংশ সরাসরি যাবে গাঁজা বিক্রি বাতিল করেনি এমন মিউনিসিপ্যালিটিগুলির স্কুল জেলাগুলিতে; এবং
- 20 শতাংশের লক্ষ্য থাকবে মাদক চিকিৎসা কর্মসূচির জন্য।

<u>নিউ ইয়র্কের গাঁজা উপদেষ্টা বোর্ডের সদস্য তালিকা</u>

- আলেহান্দ্রো আলভারেজ, সোলফুল সিনার্জির (Soulful Synergy) প্রধান নির্বাহী কর্মকর্তা/সহপ্রতিষ্ঠাতা
- জো বেলুক, বেলুক অ্যান্ড ফক্স, এলএলসির (Belluck & Fox, LLC) পার্টনার
- ডাঃ জুনেলা চিন, MD, ইন্টিগ্রেটিভ মেডিকেল গাঁজা চিকিৎসক
- অ্যালান ক্লিয়ার, MD, নিউ ইয়র্ক স্টেটের স্বাস্থ্য ডিপার্টমেন্টের (New York State Department of Health) মাদক ব্যবহারকারীর স্বাস্থ্য অফিসের (Office of Drug User Health) পরিচালক

- ডাঃ শিনাজো কানিংহ্যাম, MD, নিউ ইয়র্ক স্টেটের আসক্তি সেবা ও সমর্থন অফিসের (New York State Office of Addiction Services & Supports, OASAS) কমিশনার
- ইব্রাহিম জামিল ডার্ডেন, এবরো ইন দ্য মর্নিং
- ক্যাথলিন ডেক্যাটালডো, নিউ ইয়র্ক স্টেটের শিক্ষা ডিপার্টমেন্টের (New York State Department of Education) শিক্ষার্থী সমর্থন সেবা অফিসের (Office of Student Support Services) সহকারী কমিশনার
- দ্যআর্থার এ. ডানক্যান দ্য সেকেন্ড, এস্কয়ার, দ্যআর্থার এ. ডানক্যান ল অফিসের (Law Office of TheArthur A. Duncan) কাউন্সেলর এবং অ্যাটর্নি অ্যাট ল
- অ্যালান গ্যান্ডেলম্যান, নিউ ইয়র্ক গাঁজা উৎপাদক এবং প্রক্রিয়াজাতকারীদের অ্যাসোসিয়েশনের (New York Cannabis Growers & Processors Association) প্রেসিডেন্ট
- ডারেথ গ্ল্যান্স, নিউ ইয়র্ক স্টেটের এনভায়রনমেন্টাল কনজার্ভেশন ডিপার্টমেন্টের (Department of Environmental Conservation, DEC) ডেপুটি কমিশনার
- রুথ হাসেল-টম্পসন, নিউ ইয়র্ক স্টেটের হোমস এবং কমিউনিটি রিনিউয়ালের (New York State Division of Homes & Community Renewal, HCR) পলিসি এবং কমিউনিটি অ্যাফেয়ার্সের বিশেষ উপদেষ্টা
- গ্যারি জনসন, অশ্বেতাঙ্গ জনগোষ্ঠীর অগ্রগতির জন্য জাতীয় অ্যাসোসিয়েশনের (National Association for the Advancement of Colored People, NAACP) নিউ ইয়র্ক স্টেটের অর্থনৈতিক বিকাশের প্রধান
- নিকি কেটম্যান, স্থানীয় 338 RWDSU/UFCW (338 RWDSU/UFCW) এর রাজনৈতিক ও যোগাযোগ পরিচালক
- সুজানা মাইলস-গুস্তাভ, এস্কয়ার, নিউ ইয়র্ক স্টেটের শিশু ও পরিবার পরিষেবা অফিসের (New York State Office of Children & Family Services) নির্বাহী ডেপুটি কমিশনার
- রাসেল অলিভার, নিউ ইয়র্ক স্টেটের শ্রম ডিপার্টমেন্টের (New York State Department of Labor) নিয়োগ ও কর্মীবাহিনী সমাধান ডিভিশনের (Division of Employment & Workforce Solutions) পরিচালক
- সারাহ র‍্যাভেনহল, নিউ ইয়র্ক স্টেটের কাউন্টি স্বাস্থ্য কর্মকর্তাদের অ্যাসোসিয়েশনের (New York State Association of County Health Officials) নির্বাহী পরিচালক
- চন্দ্রা রেডফার্ন, বাফেলো ফেডারেশন অফ নেইবারহুড সেন্টার্স, ইনকর্পোরেশনের (Buffalo Federation of Neighborhood Centers Inc.) প্রধান নির্বাহী কর্মকর্তা
- আর্মান্ডো রোসাডো, AR ইনভেস্টিগেশনস, ইনকর্পোরেশনের (AR Investigations, Inc.) প্রাইভেট ইনভেস্টিগেটর
- পিটার শেফার, ন্যানটিচক গার্ডেন্সের (Nanticoke Gardens) মালিক
- স্কট ওয়াইনার, এস্কয়ার, নিউ ইয়র্ক স্টেটের কৃষি ও বাজার ডিপার্টমেন্টের (New York State Department of Agriculture & Markets) জেনারেল কাউন্সেল

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন